# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৭২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৭১২]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ৩১৫ : ইচ্ছাকৃত মিথ্যা কসম খাওয়া কঠোর নিষিদ্ধ

(315) بَابُ تَغْلِيْظِ الْيَمِيْنِ الْكَاذِبَةِ عَمَدًا

আরবী

عَن ابنِ مَسعُود رضي الله عنه: أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم، قَالَ: «مَنْ حَلَفَ عَلَى مَالِ امْرِئٍ مُسْلِمٍ بِغَيرِ حَقِّهِ، لَقِيَ اللهَ وَهُوَ عَلَيْهِ غَضْبَانُ». قَالَ: ثُمَّ قَرأَ عَلَيْنَا رَسُول اللهِ صلى الله عليه وسلم، مِصْدَاقَهُ مِنْ كِتَابِ الله ـ عَزَّ وَجَلَّ: ﴿ إن الذين يشترون بعهد الله وأيمانهم ثمنًا قليلا﴾ [ال عمران: ٧٧] إِلَى آخِرِ الآيَةِ . متفق عَلَيْهِ

বাংলা

১/১৭২১। ইবনে মাসঊদ রাদিয়াল্লাহু আনহু কর্তৃক বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ”যে ব্যক্তি কোন মুসলিম ব্যক্তির মাল নাহক আত্মসাৎ করার জন্য মিথ্যা কসম খাবে, সে আল্লাহর সাথে এমন অবস্থায় সাক্ষাৎ করবে, যখন তিনি তার উপর ক্রোধান্বিত থাকবেন। অতঃপর এর সমর্থনে আল্লাহ আয্যা অজাল্লার কিতাব থেকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই আয়াত পড়ে শোনালেন, যার অর্থ, ’যারা আল্লাহর প্রতিশ্রুতি ও নিজেদের শপথ স্বল্প মূল্যে বিক্রয় করে, পরকালে তাদের কোন অংশ নেই। কিয়ামতের দিন আল্লাহ তাদের সঙ্গে কথা বলবেন না, তাদের দিকে [দয়ার দৃষ্টিতে] চেয়ে দেখবেন না, তাদেরকে পরিশুদ্ধ করবেন না এবং তাদের জন্য রয়েছে কঠিন শাস্তি।’’ [আলে ইমরান ৭৭ আয়াত, বুখারী ও মুসলিম] [1]

## English

(315) Chapter: Illegality of Swearing Falsely

Ibn Mas'ud (May Allah be pleased with him) said:
The Prophet (ﷺ) said, "He who takes oath to acquire the property of a Muslim unjustly will meet Allah and He will be angry with him" then he recited:

"Verily, those who purchase a small gain at the cost of Allah's Covenant and their oaths, they shall have no portion in the Hereafter. Neither will Allah

speak to them nor look at them on the Day of Resurrection nor will He purify them, and they shall have a painful torment." (3:77)

[Al-Bukhari and Muslim].

### ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৩৫৭, ২৪১৭, ২৫১৬, ২৬৬৭, ২৬৭০, ২৬৭৩, ২৬৭৭, ৪৫৫০, ৬৬৫৯, ৬৬৭৬, ৭১৮৩, ৭৪৪৫, মুসলিম ১৩৮, তিরমিযী ১২৫৯, ২৯৯৬, আবূ দাউদ ৩২৪৩, ইবনু মাজাহ ২৩২৩, আহমাদ ৩৫৬৬, ৩৫৮৬, ৩৯৩৬, ৪০৩৯, ৪২০০, ৪৩৮১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=31562

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন